



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৪৭

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

বিষয়: চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডিতে ডিআরটিসির মাধ্যমে সড়ক পথে মোট ১৪৫০ মে.টন গমের চলাচলসূচি জারির অনুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০৫.২১-২৪৭৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার কতিপয় এলএসডিতে ইপি, ওপি, ময়দাকল ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম সাইলো হতে ডিআরটিসির মাধ্যমে গমের চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে কুমিল্লা জেলার কতিপয় এলএসডিতে ইপি, ওপি, ময়দাকল ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম সাইলো হতে ১৪৫০ মে.টন গম ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলো:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	কুমিল্লা	ধর্মপুর এলএসডি	১০০০	গম	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	দৌলতগঞ্জ এলএসডি	২৫০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	মুরাদনগর এলএসডি	২০০	ঐ	ঐ	
				মোট =	১৪৫০			

বিশেষভাবে উল্লেখ্য, জেলাসমূহের চাহিদা একত্র করে প্রেরণ করার নির্দেশনা জারি থাকা সত্ত্বেও আখানি, চট্টগ্রাম থেকে চাল ও গমের চাহিদা একত্রে না পাঠিয়ে একই দিনে একই পণ্যের একাধিক চাহিদা বিক্ষিপ্তভাবে প্রেরণ করা হচ্ছে। ফলে খাদ্য অধিদপ্তর হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এহেন পরিস্থিতিতে জেলাসমূহের চাহিদা একত্র করে প্রেরণ করার বিষয়ে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১২-৮-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৮৪৭/১(৯)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা, চট্টগ্রাম



১২-৮-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক